

সংস্থান বাড়ায় কমল মুনাফা

নিজস্ব সংবাদদাতা

পূর্ব এবং উত্তর-পূর্বের পর দেশের অন্যান্য অঞ্চলের রাজ্যগুলিতেও ব্যবসা বাড়াতে উদ্যোগী হয়েছে বন্ধন ব্যাঙ্ক। কর্ণধার চন্দ্রশেখর ঘোষ জানান, এর জন্য চলতি অর্থবর্ষের বাকি পাঁচ মাসের মধ্যেই শাখা-সহ ৫৭৪টি নতুন ব্যাঙ্কিং পরিষেবা কেন্দ্র চালুর পরিকল্পনা করেছেন তাঁরা।

জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে নিট ৯২০ কোটি টাকা মুনাফা করেছে বন্ধন ব্যাঙ্ক। এক বছর আগের তুলনায় ৫২ কোটি টাকা কম। চন্দ্রশেখরবাবুর কথায়, “গত বার আমাদের নিট মুনাফা হয়েছিল ৮৬০ কোটি টাকা। এ ছাড়া আয়কর খাতে ১১২ কোটি টাকা রিফান্ড পেয়েছিলাম। যেটা সরাসরি নিট মুনাফায় যোগ হয়েছিল। আর এ বার করোনার ঝুঁকির জন্য অনুৎপাদক সম্পদ খাতে অতিরিক্ত ৩০০ কোটি টাকা আর্থিক সংস্থান করতে হয়েছে। না হলে নিট মুনাফা গত বারের চেয়ে বাড়ার কথা।”

একই সময়ে গৃহঋণ সংস্থা এইচডিএফসি-র নিট মুনাফা হয়েছে ৪৬০০ কোটি। যা আগের বারের প্রায় অর্ধেক। পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের মুনাফা ২২% বেড়ে ৬২০.৮১ কোটি।